# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - পাণ্ডুলিপি, প্রামাণ্যতা ও অভ্রান্ততা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ২. ১৪. ৬. সাধু পলের বক্তব্য পর্যালোচনা - ২. ১৪. ৬. ১. প্রত্যেক শাস্ত্রলিপি বনাম শাস্ত্রের সকল কথা

অনুবাদের ক্ষেত্রে আরেকটা বিষয় লক্ষণীয়। ইংরেজিতে All scripture বাক্যাংশ ব্যবহৃত। কেরির অনুবাদে মূলের বিশ্বস্ততা রক্ষা করে বলা হয়েছে ‘‘প্রত্যেক শাস্ত্রলিপি’’। কিন্তু পরবর্তী অনুবাদে বলা হয়েছে ‘‘পবিত্র শাস্ত্রের প্রত্যেকটি কথা’’। এটা অবিশ্বাসযোগ্য অনুবাদ। All scripture: প্রত্যেক শাস্ত্রলিপি অর্থ সকল ধর্মগ্রন্থ। পক্ষান্তরে শাস্ত্রের সকল কথা: ‘All word of the scripture’ এ অর্থ প্রকাশ করে না। এরপরও আমরা ধরে নিচ্ছি যে, পল শাস্ত্রের বা পাক কিতাবের সকল কথাই ঐশ্বরিক বলে দাবি করেছেন। তবে আমাদের জানতে হবে, শাস্ত্র বা ‘পাক-কিতাব’ বলতে পল কী বুঝিয়েছেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13944

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন